

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : গণস্বাস্থ্য নগর হাসপাতালের ডায়ালাইসিস সেন্টারের জন্য আমদানিকৃত ৩৫টি
Hemodialysis Machine এবং ৮,৮৩২টি **Dialyzer** এর উপর প্রযোজ্য অগ্রিম মূল্য
সংযোজন কর (এটিভি) মওকুফকরণ।

নং ০৮.০১.০০০০.০৬৮.২৫.০১৮.১৫/৬৬—যেহেতু, রেফারেল হাসপিটাল সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-১৩৭-আইন/২০০৯/২২৪০-শুল্ক, তারিখ : ১১ জুন, ২০০৯ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ আমদানির ক্ষেত্রে সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে। এছাড়া, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১৬৭-আইন/২০১৮/৭৯০-মূসক, তারিখ : ০৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ এর টেবিল-১ এ এইচএস কোড ৮৪২১.২৯.২০ এর আওতায় Hemodialyser (Artificial Kidney) এর উপর আমদানি পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, Hemodialysis Machine ও Dialyzer সমূহ দরিদ্র রোগীদের চিকিৎসা সেবায় ব্যবহৃত হইবে এবং বাণিজ্যিক ভিত্তিতে বিক্রয় করা হইবে না। তাছাড়া, এই ক্ষেত্রে অব্যাহতি প্রদান করা হইলে গরীব রোগীরা কম খরচে সেবা গ্রহণ করিবার সুযোগ পাইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, গণস্বাস্থ্য কেন্দ্রকে

(৮০৬৯)

মূল্য : ৪.০০

জনহিতকর দাতব্য ট্রাস্টের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বিশেষ বিবেচনায় গণস্বাস্থ্য নগর হাসপাতালের নামে আমদানিকৃত ৩৫টি Hemodialysis Machine এবং ৮,৮৩২টি Dialyzer এর উপর প্রযোজ্য অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল :-

শর্তাবলি :

- (ক) Hemodialysis Machine ও Dialyzer সমূহ দরিদ্র রোগীদের চিকিৎসা সেবায় ব্যবহৃত হইবে এবং কোন অবস্থায়ই বাণিজ্যিকভাবে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;
- (খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ এস কোডে শুল্কায়ন করিতে হইবে;
- (গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইতে হইবে;
- (ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এ ক্ষেত্রে পরিপালনীয় হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক ৩০০/-টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে যে, গণস্বাস্থ্য নগর হাসপাতালের নামে আমদানিকৃত ৩৫টি Hemodialysis Machine এবং ৮,৮৩২টি Dialyzer কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে আমদানিকারক কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মুসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd